দাও।

# HISTORY

**(New Syllabus)**

**(For Regular & External Candidates)**

(নিয়মিত ও বহিরাগত পরীক্ষার্থীদের জন্য)

[নতুন পাঠসূচি]

**১। সঠিক উত্তরটি নির্বাচন করো।** ২০×১=২০

১.১ ভারতের ফুটবল খেলা প্রবর্তন করেন—

(ক) ইংরেজরা (খ) ওলন্দাজরা (গ) ফরাসীরা (ঘ) পোর্তুগীজরা

১.২ বিপিনচন্দ্র পাল লিখেছেন—

(ক) সত্তর বৎসর (খ) জীবনস্মৃতি (গ) এ নেশন ইন মেকিং (ঘ) আনন্দমঠ

১.৩ 'বামাবোধিনী' পত্রিকার সম্পাদক ছিলেন—

(ক) উমেশচন্দ্র দত্ত (খ) শিশিরকুমার ঘোষ (গ) কৃষ্ণচন্দ্র মজুমদার (গ) দ্বারকানাথ বিদ্যাভূষণ

১.৪ সাধারন জনশিক্ষা কমিটি গঠিত হয়—

(ক) ১৭১৩ খ্রিস্টাব্দে (খ) ১৯১৩ খ্রিস্টাব্দে (গ) ১৮১৩ খ্রিস্টাব্দে (ঘ) ১৮২৩ খ্রিস্টাব্দে

১.৫ নববিধান প্রতিষ্ঠা করেছিলেন—

(ক) দয়ানন্দ সরস্বতী (খ) কেশবচন্দ্র সেন (গ) স্বামী বিবেকানন্দ (ঘ) মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর

১.৬ সুই মুন্ডা নেতৃত্ব দিয়েছিলেন—

(ক) চুয়াড় বিদ্রোহ (খ) কোল বিদ্রোহ (গ) সাঁওতাল হুল (ঘ) মুন্ডা বিদ্রোহ

১.৭ ১৮৭৮ খ্রিস্টাব্দে অরণ্য আইনে অরণ্যকে ভাগ করা হয়—

(ক) দুটি স্তরে (খ) তিনটি স্তরে (গ) চারটি স্তরে (ঘ) পাঁচটি স্তরে

১.৮ ১৮৫৭ সালের মহাবিদ্রোহকে ভারতের প্রথম স্বাধীনতা যুদ্ধ বলেছিলেন—

(ক) সুভাষচন্দ্র বসু (খ) জওহরলাল নেহরু (গ) ভি ডি সাভারকার (ঘ) রাসবিহারী বসু

১.৯ ভারতের প্রথম রাজনৈতিক প্রতিষ্ঠান হল—

(ক) ভারতসভা (খ) ভারতের জাতীয় কংগ্রেস (গ) বঙ্গভাষা প্রকাশিকা সভা (ঘ) ল্যান্ড হোল্ডার্স সোসাইটি

১.১০ 'ভারতমাতা' চিত্রটি আঁকেন—

(ক) অবনীন্দ্রনাথ ঠাকুর (খ) রবীন্দ্রনাথ ঠাকুর (গ) নন্দলাল বসু (ঘ) গগনেন্দ্রনাথ ঠাকুর

১.১১ ভারতে 'হাফ টোন' প্রিন্টিং পদ্ধতি প্রবর্তন করেন—

(ক) উপেন্দ্রকিশোর রায়চৌধুরী (খ) সুকুমার রায় (গ) পঞ্চানন কর্মকার (ঘ) চার্লস উইলকিন্স

১.১২ বিশ্বভারতী প্রতিষ্ঠা করেন—

(ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (খ) রবীন্দ্রনাথ ঠাকুর (গ) স্বামী বিবেকানন্দ (ঘ) দেবেন্দ্রনাথ ঠাকুর

১.১৩ 'একা' আন্দোলনের নেতা ছিলেন—

(ক) মাদারি পাসি (খ) ডঃ আম্বেদকর (গ) মহাত্মা গান্ধি (ঘ) বাবা রামচন্দ্র

১.১৪ নিখিল ভারত ট্রেড ইউনিয়ন প্রতিষ্ঠা হয়েছিল—

(ক) ১৯১৭ খ্রিস্টাব্দে (খ) ১৯২০ খ্রিস্টাব্দে (গ) ১৯২৭ খ্রিস্টাব্দে (ঘ) ১৯২৯ খ্রিস্টাব্দে

১.১৫ বারদৌলি সত্যাগ্রহ হয়েছিল—

(ক) বোম্বাই -এ (খ) পাঞ্জাবে (গ) মাদ্রাজে (ঘ) গুজরাটে

১.১৬ বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন হয়েছিল —

(ক) ১৯০৪ খ্রিস্টাব্দে (খ) ১৯০৫ খ্রিস্টাব্দে (গ) ১৯০৬ খ্রিস্টাব্দে (ঘ) ১৯১১ খ্রিস্টাব্দে

১.১৭ মাতঙ্গিনী হাজরা 'ভারত ছাড়ো' আন্দোলনে অংশগ্রহণ করেছিলেন যে স্থানে—

(ক) তমলুক (খ) সুতাহাটা (গ) বরিশাল (গ) পুরুলিয়া

১.১৮ দীপালী সংঘ প্রতিষ্ঠা করেছিলেন—

(ক) কল্পনা দত্ত (খ) লীলা নাগ (রায়) (গ) বাসন্তী দেবী (ঘ) বীণা দাস

১.১৯ ভারতের 'লৌহমানব' বলা হয়—

(ক) মহাত্মা গান্ধিকে (খ) সর্দার বল্লভভাই প্যাটেলকে (গ) মোহম্মদ আলি জিন্নাকে (ঘ) রাজেন্দ্র প্রসাদকে

১.২০ 'এ ট্রেন টু পাকিস্তান' লিখেছেন—

(ক) জওহরলাল নেহেরু (খ) ভি পি মেনন (গ) খুশবন্ত সিং (ঘ) সলমন রুশদি

## বিভাগ—খ

**২. যে-কোনো ষোলোটি প্রশ্নের উত্তর দাও (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত একটি প্রশ্নের উত্তর দিতে হবে) : ১x১৬=১৬**

### উপবিভাগ—২.১

**একটি বাক্যে উত্তর দাও:**

২.১.১ 'সোমপ্রকাশ' পত্রিকার সম্পাদক কে ছিলেন ?

২.১.২ সরকারি নথিপত্র কোথায় সংরক্ষণ করা হয় ?

২.১.৩ বাংলায় কোন শতককে 'নবজাগরণের শতক' বলা হয় ?

**একটি বাক্যে উত্তর দাও:**

২.১.১ 'সোমপ্রকাশ' পত্রিকার সম্পাদক কে ছিলেন ?

২.১.২ সরকারি নথিপত্র কোথায় সংরক্ষণ করা হয় ?

২.১.৩ বাংলায় কোন শতককে 'নবজাগরণের শতক' বলা হয় ?

২.১.৪ 'উলগুলান' বলতে কী বোঝায় ?

## উপবিভাগ— ২.২

**ঠিক বা ভুল নির্ণয় করো :**

২.২.১ শ্রীরামকৃষ্ণ রামকৃষ্ণ মিশন প্রতিষ্ঠা করেছিলেন।

২.২.২ মহাবিদ্রোহের সময় ভারতের গভর্নর জেনারেল ছিলেন লর্ড ডালহৌসি।

২.২.৩ 'গোরা' উপন্যাসে রবীন্দ্রনাথ ঠাকুর ইউরোপীয় সমাজকে সমর্থন করেছিলেন।

২.২.৪ গান্ধিজি ও ড. আম্বেদকর যৌথভাবে দলিত আন্দোলন করেছিলেন।

## উপবিভাগ : ২.৩

'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও :

| 'ক' স্তম্ভ | | 'খ' স্তম্ভ |
|---|---|---|
| ২.৩.১ | অরবিন্দ ঘোষ | (১) আজাদ হিন্দ ফৌজ |
| ২.৩.২ | তারকনাথ পালিত | (২) বেঙ্গল ন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজ |
| ২.৩.৩ | নবগোপাল মিত্র | (৩) বেঙ্গল টেকনিক্যাল ইনস্টিটিউট |
| ২.৩.৪ | রসিদ আলি | (৪) হিন্দু মেলা |

## উপবিভাগ : ২.৪

**প্রদত্ত ভারতবর্ষের রেখা মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত কর ও নাম লেখ**

২.৪.১ সাঁওতাল বিদ্রোহের এলাকা

২.৪.২ নীল বিদ্রোহের একটি কেন্দ্র

২.৪.৩ দেশীয় রাজ্য হায়দ্রাবাদ

২.৪.৪ পুনর্গঠিত রাজ্য গুজরাট

**অথবা, (কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)**

শূন্যস্থান পূরণ কর :

২.৪.১ মাস্টারদা নামে পরিচিত ছিলেন ________।

২.৪.২ ওয়াহাবী বলতে বোঝায় ________।

২.৪.৩ 'বর্তমান ভারত' গ্রন্থটির লেখক ছিলেন ________।

২.৪.৪ হরি সিং ছিলেন ________ এর রাজা।

## উপবিভাগ : ২.৫

**নিম্নলিখিত বিবৃতিগুলির সঙ্গে সঠিক ব্যাখ্যাটি নির্বাচন করো :**

২.৫.১ বিবৃতি : 'একা' আএন্দালন সংগঠিত হয়েছিল উত্তরপ্রদেশে।

ব্যাখ্যা ১ : এটি ছিল ব্যক্তিগত আন্দোলন

ব্যাখ্যা ২ : এটি ছিল একটি কৃষক আন্দোলন

ব্যাখ্যা ৩ : এটি ছিল একটি শ্রমিক আন্দোলন

২.৫.২ বিবৃতি : ভারুত সরকার ১৯২৯ খ্রিস্টাব্দে মিরাট যড়যন্ত্র মামলা শুরু করে।

ব্যাখ্যা ১ : এর উদ্দেশ্য চিল বিপ্লবীদের দমন করা।

ব্যাখ্যা ২ : এর উদ্দেশ্য ছিল আইন অমান্য আন্দোলন দমন করা।

ব্যাখ্যা ৩ : এর উদ্দেশ্য ছিল দেশব্যাপী সাম্যবাদী কার্যকলাপ দমন করা।

২.৫.৩ বিবৃতি : বিংশ শতকের ভারতে উপনিবেশ বিরোধী আন্দোলনে বামপন্থীদের উল্লেখযোগ্য ভূমিকা ছিল।

ব্যাখ্যা ১ : বামপন্থীরা ছিল জমিদার ও শিল্পপতিদের সমর্থক।

ব্যাখ্যা ২ : তারা ছিল ব্রিটিশ সাম্রাজ্যবাদের সমর্থক।

ব্যাখ্যা ৩ : তারা ছিল শ্রমিক কৃষকদের ব্রিটিশ বিরোধী ঐক্যবদ্ধ সংগ্রামের সমর্থক।

২.৫.৪ বিবৃতি : ভারতের নারীরা জাতীয় আন্দোলনে প্রথম অংশ নিয়েছিল বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের সময়।

ব্যাখ্যা ১ : কারণ তারা গান্ধিজির দ্বারা অনুপ্রাণিত হয়েছিল।

ব্যাখ্যা ২ : কারণ তারা অরবিন্দ ঘোষের বিপ্লবী ভাবধারার দ্বারা অনুপ্রাণিত হয়েছিল।

ব্যাখ্যা ৩ : কারণ তারা বিদেশি দ্রব্য বর্জন করতে চেয়েছিল।

## বিভাগ—গ

**৩। দুটি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো এগারোটি) : ১১×২=২২**

৩.১ সামাজিক ইতিহাস কী?

৩.২ ইতিহাসের উপাদানরূপে সংবাদপত্রের গুরুত্ব কী?

৩.৩ বাংলার নারী শিক্ষা বিস্তারে রাজা রাধাকান্তদেবের ভূমিকা বিশ্লেষণ কর।

৩.৪ ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজ বিভক্ত হল কেন?

৩.৫ ফরাজী আন্দোলন কি ধর্মীয় পুনর্জাগরণের আন্দোলন?

৩.৬ নীলকররা নীলচাষীদের উপর কীভাবে অত্যাচার করত তা সংক্ষেপে আলোচনা করো।

৩.৭ উনিশ শতকের দ্বিতীয়ার্ধকে 'সভা সমিতির যুগ' বলা হয় কেন?

৩.৮ 'আনন্দমঠ' উপন্যাস কীভাবে জাতীয়তাবাদী ভাবধারাকে উদ্দীপ্ত করেছিল?

৩.৯ উনিশ শতকে বিজ্ঞান শিক্ষার বিকাশে 'ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর দ্য কাল্টিভেশন অফ সায়েন্স'-এর ভূমিকা কী ছিল?

৩.১০ 'বিশ্বভারতী' প্রতিষ্ঠার উদ্দেশ্য কী ছিল?

৩.১১ নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেস কী উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয়েছিল?

৩.১২ 'ওয়ার্কার্স অ্যান্ড পেজেন্টস পার্টি' কেন প্রতিষ্ঠিত হয়েছিল?

৩.১৩ রশিদ আলি দিবস কেন পালিত হয়েছি

৩.১৪ দলিত কাদের বলা হয়?

৩.১৫ দেশীয় রাজ্যগুলির ভারতভুক্তি দলিল বলতে কী বোঝায়?

৩.১৬ ১৯৫০ সালে কেন নেহরু-লিয়াকৎ চুক্তি স্বাক্ষর হয়েছিল?

## বিভাগ—ঘ

**৪। সাত-আটটি বাক্যে যে কোনো ছটি প্রশ্নের উত্তর দাও। (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত: একটি করে প্রশ্নের উত্তর দাও) : ৬×৪=২৪**

### উপবিভাগ : ঘ.১

৪.১ নারী ইতিহাসের উপর একটি টীকা লেখ।

৪.২ স্বামী বিবেকানন্দের ধর্ম সংস্কারের আদর্শ ব্যাখ্যা কর।

### উপবিভাগ : ঘ.২

৪.৩ ১৮৫৫ খ্রিস্টাব্দে সাঁওতালরা বিদ্রোহ করেছিল কেন?

৪.৪ ১৮৫৭ খ্রিস্টাব্দের মহাবিদ্রোহের প্রতি শিক্ষিত বাঙালি সমাজের কীরূপ মনোভাব ছিল?

### উপবিভাগ : ঘ.৩

৪.৫ ছাপা বইয়ের সঙ্গে শিক্ষাবিস্তারের সম্পর্ক বিশ্লেষণ কর।

৪.৬ কারিগরী শিক্ষার বিকাশে বাংলায় 'বেঙ্গল টেকনিক্যাল ইন্সটিটিউটের' কী ভূমিকা ছিল?

### উপবিভাগ : ঘ.৪

৪.৭ দলিত আন্দোলন বিষয়ে গান্ধি-আম্বেদকর বিতর্ক নিয়ে একটি টীকা লেখ।

৪.৮ স্বাধীনতার পরে ভাষার ভিত্তিতে ভারত কীভাবে পুনর্গঠিত হয়েছিল?

## বিভাগ 'ঙ'

**৫। পনেরো-ষোলটি বাক্যে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১×৮=৮**

৫.১ শিক্ষা বিস্তারে প্রাচ্যবাদী ও পাশ্চাত্যবাদী বিতর্ক কী?
উচ্চশিক্ষার বিকাশে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভূমিকা আলোচনা করো। ৫+৩

৫.২ সংক্ষেপে মহাবিদ্রোহের (১৮৫৭) চরিত্র বিশ্লেষণ কর।

৫.৩ সশস্ত্র বিপ্লবী আন্দোলনে নারীদের ভূমিকা বিশ্লেষণ কর।

**(কেবলমাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্য)**

**৬.১ একটি সম্পূর্ণ বাক্যে উত্তর দাও (যে কোনো চারটি) : ৪×১=৪**

৬.১.১ 'গ্রামবার্তা প্রকাশিকা'র সম্পাদক কে ছিলেন?

৬.১.২ কোন বৎসর সাধারণ ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠিত হয়?

৬.১.৩ 'শ্রীরামপুর ত্রয়ী' কাকে বলা হয়?

৬.১.৪ একজন ব্যঙ্গচিত্র শিল্পীর নাম কর।

৬.১.৫ কে বর্ণপরিচয় রচনা করেন?

৬.১.৬ অ্যান্টি সার্কুলার সোসাইটি কে প্রতিষ্ঠা করেন?

**৬.২ দু'টি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যে-কোনো তিনটি) ৩×২=৬**

৬.২.১ স্থানীয় ইতিহাস বলতে কী বোঝায়?

৬.২.২ উডের নির্দেশনামার (১৮৫৪ খ্রিঃ) যে-কোনো দুটি সুপারিশ উল্লেখ কর।

৬.২.৩ ডেভিড হেয়ার কেন বিখ্যাত?

৬.২.৪ 'ভারত সভা' প্রতিষ্ঠার যে কোনো দুটি উদ্দেশ্য লেখ।

৬.২.৫ কলকাতা বিজ্ঞান কলেজ কে, কবে প্রতিষ্ঠা করেছিলেন?